

এইচএসসিতে এবার ৬৫ কলেজের কেউ পাস করেননি

অনলাইন ডেস্ক

১৫ অক্টোবর,
২০২৪ ১৩:২৬

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

এবারের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। মঙ্গলবার (১৫ অক্টোবর) সকাল ১১টায় স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠান ও ওয়েবসাইটে একযোগে এ ফলাফল প্রকাশ করা হয়।

প্রকাশিত ফলাফলে দেখা যাচ্ছে, ৬৫টি কলেজ থেকে অংশ নেওয়া কোনো শিক্ষার্থী পাস করতে পারেননি। গত বছর শূন্য পাস করা কলেজের সংখ্যা ছিল ৪২টি।

সে হিসাবে এবার শূন্য পাস কলেজের সংখ্যা বেড়েছে ২৩টি। এবার ১১টি শিক্ষা বোর্ডে পাস করেছেন ১০ লাখ ৩৫ হাজার ৩০৯ শিক্ষার্থী। গড় পাসের হার ৭৭ দশমিক ৭৮ শতাংশ। জিপিএ ৫ পেয়েছেন এক লাখ ৪৫ হাজার ৯১১ জন শিক্ষার্থী।

আরো পড়ুন



চট্টগ্রাম না বরিশাল, কোন দলে মঈন আলী?

এদিকে চলতি বছর এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফলে পাসের হার কিছুটা কমলেও শতভাগ পাস করা শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে। প্রকাশিত ফলাফলে দেখা যায়, এ বছর দেশের এক হাজার ৩৮৮টি শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ পরীক্ষার্থী পাস করেছেন। গত বছর অর্থাৎ ২০২৩ সালে ৯৫৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের শতভাগ পরীক্ষার্থী পাস করেছিলেন।

গত ৩০ জুন থেকে সারা দেশে একযোগে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়।

এবার পরীক্ষা দেয় ১৪ লাখ ৫০ হাজার ৭৯০ জন।

আরো পড়ুন



চিলমারীতে বেড়েছে বেওয়ারিশ কুকুরের উৎপাত, ২ দিনে আহত ১৫

কোটা সংস্কার আন্দোলন ঘিরে সহিংসতার কারণে গত ১৮, ২১, ২৩ ও ২৫, ২৮ জুলাই ও ১ ও ৪ আগস্টের পরীক্ষা স্থগিত করা হয়। সবশেষে ১১ সেপ্টেম্বর থেকে নতুন সূচিতে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু নতুন করে আর পরীক্ষা না নিয়ে যেগুলো হয়েছে সেগুলোর ওপর ভিত্তি করে এইচএসসির ফলাফল প্রকাশের দাবি নিয়ে শত শত পরীক্ষার্থী নিজরিবিহীনভাবে ২০ আগস্ট দুপুরে প্রশাসনের কেন্দ্রবিন্দু সচিবালয়ে ঢুকে পড়ে। পরে তাদের প্রতিনিধিদের নিয়ে বৈঠকে বসে শিক্ষা মন্ত্রণালয় অবশিষ্ট পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেয়।